

স্মারক নং: ৩৭.০১.৪১০৪.০১০.৩৪.০০১.২০/৭২০

তারিখ: ২৭.০১.২০২০

আবাসিক হলে সীট বরাদ্দের নোটিশ

বিডিইউ এর ২০১৮- ১৯ এবং ২০১৯-২০ শিক্ষাবর্ষের সকল ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের সনিকটে ছাত্র-ছাত্রীদের জন্য আবাসিক হল এর ব্যবস্থা করা হয়েছে। আবাসিক হলের প্রতিটি সীটের জন্য মাসিক ফি ১০০০ টাকা নির্ধারণ করা হয়েছে। হলে থাকতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের <http://203.202.243.35/rms/flogin.php> -এ লগইন করে উল্লেখিত শর্তাবলী মেনে নিয়ে নিশ্চিতকরণ এর জন্য বলা হচ্ছে। পরবর্তীতে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়মানুসারে ও সীট খালি থাকা সাপেক্ষে সীট বরাদ্দ করা হবে এবং বর্ণিত পদ্ধতি অনুসরণ করে রকেট মোবাইল ব্যাংকিং সার্ভিস এর মাধ্যমে নির্ধারিত ফী প্রদান করতে হবে।

বিশ্ববিদ্যালয় যে সব সুবিধাবলি প্রদান করবে তা নিম্নে দেওয়া হলঃ

- ১) ফ্রিজ
- ২) ওভেন
- ৩) বিদ্যুৎ (লাইট, ফ্যান) [জেনারেটরের সুবিধাসহ]
- ৪) ফিল্টার (বিশুদ্ধ পানি)
- ৫) হট-কোল্ড পানি (খাবার জন্য)
- ৬) ব্রডব্যান্ড সার্ভিস
- ৭) ডাইনিং স্পেস
- ৮) নিরাপত্তা ব্যবস্থা (সিসি ক্যামেরা সহ)
- ৯) ক্লিনার, সাপোর্টিং স্টাফ

হলে উঠার জন্য নির্ধারিত মাপের টেবিল, চেয়ার ও অন্যান্য আসবাবপত্র নিয়ে আসতে হবে। বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত মাপের চাইতে বড় আসবাবপত্র নিয়ে কেউ হলে উঠতে পারবে না।

আসবাবপত্রের নাম	পরিমাপ		
	দৈর্ঘ্য	প্রস্থ	উচ্চতা
আলমারী	২'	১'-৮"	৭'
খাট	৬'-৪"	৩'	পরিমিত পরিমাপ
টেবিল	৩'	২'	পরিমিত পরিমাপ
চেয়ার	পরিমিত পরিমাপ	পরিমিত পরিমাপ	পরিমিত পরিমাপ

শর্তাবলী

- ১। বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা জনিত সকল নিয়ম-কানুন মেনে চলতে হবে।
 - ২। বিশ্ববিদ্যালয়ের হল সুপার এবং দায়িত্বপ্রাপ্ত অফিসারদের নির্দেশনা মেনে চলতে হবে।
 - ৩। বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত রুম এবং সীটে অবস্থান করতে হবে।
 - ৪। সীট কোনভাবেই পরিবর্তনযোগ্য নয়।
 - ৫। রাষ্ট্র পরিপন্থী কোন কার্যক্রমের সাথে জড়িত হওয়া যাবে না।
 - ৬। হলে ধূমপান ও মাদকমুক্ত পরিবেশ বজায় রাখতে হবে।
 - ৭। বিশ্ববিদ্যালয়ের হলে র্যাগিং সম্পূর্ণ নিষিদ্ধ।
 - ৮। ছাত্রীদের রাত ০৮:০০ টা এবং ছাত্রদের রাত ১০:০০ টার মধ্যে হলে প্রবেশ করতে হবে, পূর্বানুমতি ব্যতীত প্রদত্ত সময়ের পরে হলের বাইরে অবস্থান করা যাবে না।
 - ৯। মেস পদ্ধতিতে খাবারের ব্যবস্থা করতে হবে।
- বি.দ্র: শর্তাবলী ভঙ্গ করলে বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে, আবাসিক হলে যে কোন সমস্যার সম্মুখীন হলে যথাবিহিত কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে



(মোঃ আশরাফ উদ্দিন)

রেজিস্ট্রার (চঃ দাঃ)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

স্মারক নং: ৩৭.০১.৪১০৪.০১০.৩৪.০০১.২০/ ৭২০

তারিখঃ ২৭.০১.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। সকল দপ্তর প্রধান, বিডিইউ।
- ২। উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বিডিইউ।
- ৩। একান্ত সচিব- উপাচার্য মহোদয়, বিডিইউ।
- ৪। সেকশন অফিসার- রেজিস্ট্রার দপ্তর, বিডিইউ।
- ৫। নোটিশ বোর্ড।
- ৬। আইসিটি দপ্তর (Website ও LMS-এর Notice এ দেওয়ার জন্য অনুরোধ করা হল)।
- ৭। অফিস কপি।
- ৮। গার্ড ফাইল।